

জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫
বাংলাদেশ ও বিশ্বপরিচয়-১৫০

প্রশ্নের সমাধান

বহুনির্বাচনী অধীক্ষা

- ১। (ক) ১৯০১ সাল
২। (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
৩। (ক) ! ও !!
৪। (ঘ) কাপড় বোনার যন্ত্র
৫। (গ) ইউএনডিপি
৬। (গ) ভূমিকম্প
৭। (ঘ) সাঁওতাল
৮। (ক) ! ও !!
৯। (গ) !! ও !!!
১০। (ঘ) সাংস্কৃতিক ব্যাপ্তি

১। সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:

| প্রশ্নের ক্রম | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|------------------|--------------------|------------------|---|
| ক | ২ | ২ | লাহোর প্রস্তাব সংশোধন করে পাকিস্তান প্রস্তাব গ্রহণ করা হয়, যার ভিত্তিতে ১৯৪৭ সালে ভারতবর্ষ ভাগ হয়ে ভারত ও পাকিস্তান নামে দুটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা হয়। সেই সাথে অবসান ঘটে প্রায় দু'শ বছরের ইংরেজ শাসনের। ব্যাখ্যা লিখতে পারলে। |
| | | ১ | ভারতের সংখ্যাগরিষ্ঠ মুসলমান অধ্যুষিত এলাকাগুলো নিয়ে রাষ্ট্রসমূহ গঠনের জন্য অথবা ব্রিটিশ অধীনতা থেকে মুক্তি পেতে লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |

| প্রশ্নের ক্রম | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|------------------|--------------------|------------------|--|
| খ | ২ | ২ | প্রত্নসম্পদ বলতে পুরানো স্থাপত্য ও শিল্পকর্ম, মূর্তি বা ভাস্কর্য, অলঙ্কার, প্রাচীন আমলের মুদ্রা ইত্যাদিকে বোঝায়। এসব প্রত্ননিদর্শনের মধ্য দিয়ে সেকালের মানুষের সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা, জীবনযাত্রা, বিশ্বাস-সংস্কার, রুচি বা দৃষ্টিভঙ্গি ইত্যাদি সম্পর্কে ধারণা লাভ করা যায়। এর কাছাকাছি ধারণা লিখতে পারলে। |
| | | ১ | 'প্রত্ন' শব্দের অর্থ হলো পুরানো লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |

| প্রশ্নের ক্রম | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|------------------|--------------------|------------------|---|
| গ | ২ | ২ | অভিভাবন প্রক্রিয়ার প্রয়োগ পরিলক্ষিত হয় সমাজজীবনের বিভিন্ন ক্ষেত্রে। যেমন- শিক্ষা, রাজনীতি, শিল্প, বাণিজ্য ইত্যাদি। অভিভাবন প্রক্রিয়ার মাধ্যমে চেষ্টা করা হয় নিজের ধ্যান-ধারণাকে অপরের মধ্যে প্রবিস্ট করানোর এবং অন্যের আচার-আচরণ ও কাজকর্মকে নিজের অভিপ্রায় অনুসারে পরিচালিত করার। এর কাছাকাছি ধারণা লিখতে পারলে। |
| | | ১ | অভিভাবন এক ধরনের যোগাযোগ মাধ্যম বা প্রক্রিয়া অথবা এই প্রক্রিয়ার মাধ্যমে প্রস্তাব বা তথ্যাদি অপরের কাছে পৌঁছে দেওয়া হয় লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |

| প্রশ্নের ক্রম | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|------------------|--------------------|------------------|---|
| ঘ | ২ | ২ | আমাদের দেশে জনসংখ্যাকে সম্পদে পরিণত করার জন্য নেওয়া কৌশলগুলো যেমন কর্মমুখী শিক্ষার প্রসার এবং জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তোলা, দক্ষতাবৃদ্ধি ও প্রশিক্ষণমূলক কার্যক্রম সম্প্রসারণ, প্রযুক্তি ও কারিগরি শিক্ষার প্রসার এমন কিছু পয়েন্ট লিখতে পারলে। |
| | | ১ | দেশের অশিক্ষিত ও কর্মহীন জনগোষ্ঠীর বিশেষ করে তরুণদের জন্য শিক্ষা, প্রশিক্ষণ ও উপযুক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করে জনসংখ্যাকে অনায়াসে জনসম্পদে পরিণত করা সম্ভব। এর কাছাকাছি ধারণা লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |

| প্রশ্নের ক্রম | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|------------------|--------------------|------------------|--|
| ঙ | ২ | ২ | মানুষ, প্রাণী ও কীট-পতঙ্গসহ জীবজগৎ প্রকৃতির মধ্যে ভারসাম্য বজায় রেখেই বেঁচে থাকে। প্রাণীরা একে অন্যের উপর নির্ভরশীল। সবুজ গাছপালা বাতাসে যে অক্সিজেন ছড়িয়ে দিচ্ছে তা গ্রহণ করে প্রাণীরা বেঁচে থাকে। এমন কিছু পয়েন্ট লিখতে পারলে। |
| | | ১ | প্রকৃতির মধ্যে সব রকমের জীব যে নিয়মে বেঁচে থাকে তাকেই সংক্ষেপে জীববৈচিত্র্য বলা যায় লিখলে অথবা জীববৈচিত্র্য এর ধারণা লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |

সৃজনশীল প্রশ্ন:

২ নং প্রশ্নের উত্তর:

| বরাদ্দকৃত নম্বর | প্রশ্নের ক্রম | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|--------------------|------------------|------------------|--|
| ১০ | ঘ | ৪ | অস্থায়ী বাংলাদেশ সরকার, প্রবাসী বাংলাদেশ সরকার বা মুজিবনগর সরকার লিখলে ১ পাবে। সরকারের সম্পর্কে বা এর গঠন লিখলে ২ পাবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (মুজিবনগর সরকার)-এর কার্যক্রম মুজিবনগর সরকারের কার্যক্রমকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়- ক. বেসামরিক কার্যক্রম খ. সামরিক কার্যক্রম। এর ব্যাখ্যা লিখলে ৩ পাবে। উদ্দীপকের আলোকে সরকারের ভূমিকা লিখলে ৪ পাবে। |
| | গ | ৩ | অনিয়মিত বাহিনী লিখলে ১ পাবে। অনিয়মিত বাহিনীর ব্যাখ্যা লিখলে ২ পাবে। উদ্দীপকের আলোকে অনিয়মিত বাহিনীর ভূমিকা লিখলে ৩ পাবে। |
| | খ | ২ | মুক্তিবাহিনী সরকারি পর্যায়ে দুটি শাখায় বিভক্ত ছিল তার মধ্যে ১ টি হল নিয়মিত বাহিনী লিখলে ১ পাবে। নিয়মিত বাহিনীর ব্যাখ্যা লিখলে ২ পাবে। |
| | ক | ১ | মুক্তিযুদ্ধে নৌপথে 'অপারেশন জ্যাকপট' নামে পরিচালিত অভিযান লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |

৩। নং প্রশ্নের উত্তর:

| বরাদ্দকৃত নম্বর | প্রশ্নের ক্রম | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|--------------------|------------------|------------------|---|
| ১০ | ঘ | ৪ | সমস্যাটি মাদকাসক্তি লিখলে ১ পাবে। মাদকাসক্তি প্রভাব লিখলে ২ পাবে। উদ্দীপকের আলোকে মাদকাসক্তির পদক্ষেপসমূহ (প্রতিরোধমূলক ব্যবস্থা) লিখলে ৩ পাবে। পাঠ্যবইয়ের আলোকে মতামত লিখলে ৪ পাবে। |
| | গ | ৩ | কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ দারিদ্র লিখলে ১ পাবে। কিশোর অপরাধ এর ধারণা ব্যাখ্যা করতে পারলে ২ পাবে। উদ্দীপকের আলোকে কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ হিসেবে দারিদ্র সম্পর্কে ব্যাখ্যা করলে ৩ পাবে। |
| | খ | ২ | সৃজনশীল কাজের সুযোগ না পেলে মানসিক অস্থিরতায় ভোগে। এ থেকে মুক্তি পায় না বলে মানুষিক অস্থিরতায় ভোগে। এই মানুষিক অস্থিরতা থেকে মুক্তি পায় না বলে কিশোর অপরাধী হয়ে ওঠে লিখলে ১ পাবে। ছোটবেলা থেকে খেলাধুলা, সংগীত, ছবি আঁকা, শরীরচর্চা ও সাংস্কৃতিক কার্যাবলী মত সৃজনশীল কাজের অভাব উল্লেখ করতে পারলে পারলে ২ পাবে। |
| | ক | ১ | রাষ্ট্র বা সমাজ স্বীকৃত নয় এমন কাজকে কিশোর অপরাধ বলে লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |

৪। নং প্রশ্নের উত্তর:

| বরাদ্দকৃত নম্বর | প্রশ্নের ক্রম | বিভাজিত নম্বর | নম্বর প্রদানে বিবেচ্য বিষয় |
|--------------------|------------------|------------------|--|
| ১০ | ঘ | ৪ | প্রবাসীদের পাঠানো রেমিটেন্স লিখলে ২ পাবে। প্রবাসী আয় বা রোমটেন্স ধারণা লিখতে করতে পারলে ২ পাবে। উদ্দীপকের আলোকে অর্থনীতিতে বিদেশে কর্মরত বাংলাদেশিদের প্রেরিত রেমিটেন্স এর প্রভাব/অবদান লিখলে ৩ পাবে। উদ্দীপকের আলোকে বাংলাদেশের অর্থনীতিতে পৃথিবীর বিভিন্ন দেশে অবস্থানরত প্রবাসীদের অবদান মূল্যায়ন করতে পারলে ৪ পাবে। |
| | গ | ৩ | একটি দেশের মোট জাতীয় আয়কে সেই দেশের মোট জনসংখ্যা দ্বারা ভাগ করলে মাথাপিছু আয় পাওয়া যায় লিখলে ১ পাবে। দেশের অভ্যন্তরে বসবাসরত দেশি ও বিদেশি নাগরিকদের উৎপাদিত আয় থেকে অভ্যন্তরে বসবাসরত দেশি ও বিদেশি নাগরিকদের দেশের অভ্যন্তরে বসবাসরত বিদেশি নাগরিকদের আয় বিয়োগ করতে হবে $(৩০০০০-৪০০০=২৬০০০)$ । এর সাথে রেমিটেন্স ১০০০০ যোগ করলে ৩৬০০০ হবে যা মোট জাতীয় আয় হবে। তাহলে ২ পাবে। মাথাপিছু আয় = কোন নির্দিষ্ট বছরে মোট জাতীয় আয় ÷ ঐ বছরের মোট জনসংখ্যা। $(৩৬০০০ ÷ ১৮ = ২০০০)$ মার্কিন ডলার) লিখতে পারলে ৩ পাবে। |
| | খ | ২ | দরিদ্র লোকের পর্যাপ্ত খাদ্য থাকেনা বলে দুর্বল সাস্থের অধিকারি হয়। তাই কাজ করতে পারেনা ফলে সে দরিদ্র থাকে লিখলে ১ পাবে। দারিদ্রের ফলে আয় কম হয়, সঞ্চয় কম হয়, মূলধন কম হয়, বিনিয়োগ কম হয় ফলে নতুন কর্মসংস্থান সৃষ্টি হয় না। ফলে মানুষ দরিদ্র থাকে এবং দারিদ্রের এই বিষয়টি চক্রাকারে ঘুরতে থাকে লিখতে ২ পাবে। |
| | ক | ১ | শ্রমশক্তি সম্পন্ন মানুষকে মানব সম্পদ বলে লিখতে পারলে। |
| | | ০ | অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে। |